



গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে শিক্ষার্থীরা একাডেমিক ভবনের সামনে জড়ো হতে থাকেন। তাঁরা অধ্যক্ষের পদত্যাগের দাবিতে স্লোগান দিতে থাকেন।

কিন্তু অধ্যক্ষ জাকির হোসেন না আসায় এক পর্যায়ে তাঁর অফিসকক্ষ ও একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে দেন। এ সময় শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, অধ্যক্ষ একজন স্বেচ্ছাচারী ও দুর্নীতিবাজ। অধ্যক্ষ পদত্যাগ না করা পর্যন্ত আন্দোলন চলতেই থাকবে।

এ ব্যাপারে অধ্যক্ষ ডা. জাকির হোসেন কোনো মন্তব্য করতে রাজি হননি।